



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.nmst.gov.bd



নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০২.২০- ৩৬০

তারিখঃ ০৬/১০/২০২১খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্বখাতের আওতায় অফিস সহায়ক এর শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা
১.	অফিস সহায়ক	১	১৮-৩০	৮২৫০-২০০১০/- (গ্রেড ২০)	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সূঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হবে।

আবেদনের শর্তাবলীঃ

- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখঃ ২০/১০/২০২১খ্রিঃ
- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২০/১০/২০২১খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোন ভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের Website: www.nmst.gov.bd থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের Website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিস বোর্ডে পাওয়া যাবে।
- আবেদন পত্রের খামের উপরের ডানপাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫ ইঞ্চি x ৪ ইঞ্চি পরিমাপের একটি খাম দিতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতীবন্ধী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রার্থীদের বয়স ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের বেলায় এফিডেবিট গ্রহণযোগ্য নহে। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া ৫ সে.মি. x ৫ সে.মি. আকারের ২(দুই) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোনো বা সকল আবেদনপত্র বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

(মোঃ হাবিবুর রহমান)
পরিচালক(যুগ্মসচিব)

বিতরণঃ

- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা, (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- বিজ্ঞাপন ম্যানেজার, আলোকিত বাংলাদেশ, ১৫১/৭, গ্রীণরোড (৫ম তলা), ঢাকা-১২০৫ (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ দিনের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
- বিজ্ঞাপন ম্যানেজার, বাংলাদেশ প্রতিদিন, বসুন্ধরা মিডিয়া লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা। (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ দিনের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
- অফিস কপি।